বগুড়ার শরেপুরে ফুটবল খলোকে কন্দ্রে করে হামলা, স্কুলশকি্ষার্থী নহিত

লখেক: প্রকাশক | প্রকাশতি: 04 August 2026, 09:37 AM | বভিাগ: সারাদশে

বগুড়ার শরেপুর উপজলোয় ফুটবল খলোকে কন্দ্রে করে সৃষ্ট বরিোধ থামাতে গয়িে প্রতপিক্ষরে হামলায় জামলি শখে (১৬) নামে এক স্কুলশকি্ষার্থী নহিত হয়ছে।

সোমবার (৩ আগস্ট) সন্ধ্যা সাড়ে ৬টার দকিে উপজলোর শাহবন্দগেী ইউনয়িনরে শরেুয়া আদর্শ উচ্চ বদি্যালয় মাঠে এ ঘটনা ঘটে।

নহিত জামলি শখে উপজলোর শাহবন্দগেী ইউনয়িনরে শরেুয়া দহপাড়া এলাকার রফকিুল ইসলামরে ছলে। তনিি পল্লী উন্নয়ন একাডমে (আরডএি) ল্যাবরটেরি স্কুলরে দশম শ্রণেরি শকি্ষার্থী ছলিনে।

স্থানীয় ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, সোমবার সন্ধ্যায় শরেুয়া আদর্শ উচ্চ বদি্যালয় মাঠে ফুটবল খলোর সময় দুই পক্ষরে খলেোয়াড়দরে মধ্যে কথা-কাটাকাটি ও বরিোধরে সৃষ্টি হয়। একপর্যায়ে পরস্থিতিি উত্তপ্ত হয়ে উঠলে জামলি শখে বরিোধ মীমাংসার চষ্টো করনে। এ সময় প্রতপিক্ষরে শাকলি

(২২) নামে এক যুবক তার ওপর হামলা চালিয়ে লাথি, কিল ও ঘুষি মারেন। এতে জামিল গুরুতর আহত হয়ে মাঠে লুটিয়ে পড়েন।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে শেরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

অভিযুক্ত শাকিল একই ইউনিয়নের শেখুয়া দহপাড়া এলাকার শফিকুল ইসলামের ছেলে। স্থানীয়দের ভাষ্য, তিনি এলাকার একটি চাতালের ম্যানেজার হিসেবে কর্মরত। ঘটনার পর থেকেই তিনি পলাতক রয়েছেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে শেরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস এম মইনুদ্দিন জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল ও হাসপাতালে যায়। ময়নাতদন্তসহ প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

তিনি আরও জানান, অভিযুক্তকে গ্রেপ্তারে অভিযান চলছে। ঘটনার তদন্ত শেষে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।